দৈনিক ইত্তেফাক

তারিখ 21 NOV 1988 ... ...
পৃষ্ঠা ... .. ...2 কলাম ...7... ...

C12

## ময়মনসিংহ মেডিক্যাল কলেজ কবে খুলিবে ?

এক মাস গত হইল ময়মনসিংহ মেডিক্যাল কলেজ "অনির্দিষ্ট কালের জন্য বন্ধ" হইয়াছে। এভাবে মাসের পর মাস কলেজ বন্ধ রাখিয়া সমস্যার স্থায়ী সমাধান হইতে পারে না। উহাতে শুধু সাধারণ নিরীহ ছেলেদের দুর্ভোগই বাড়ে। মেডিক্যালের পড়াশুনা বাসায় বসিয়া সম্ভব নয়। তাই কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন, শীঘ্র কলেজ খুলিয়া আমাদের যথাসময়ে ডাক্তার হইয়া দেশের সেবা করার সুযোগ দিন।

—শামসুল হক, ৩য় বর্ষ, এম বি বি এস; ময়মনসিংহ মেডিক্যাল কলেজ।